



বাংলাদেশ হাই কমিশন, সিঙ্গাপুর
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
জিট পো ভবন # ০৪-০০ ও ১০-০০
১৯, কেপেল রোড, সিঙ্গাপুর ০৮৯০৫৮
ফোনঃ (৬৫) ৬২৫৫ ০০৭৫, ফ্যাক্সঃ (৬৫) ৬২৫৫ ১৮২৪
ইমেইলঃ mission.singapore@mofa.gov.bd



Bangladesh High Commission, Singapore
People's Republic of Bangladesh
Jit Poh Building # 04-00 and 10-00
19, Keppel Road, Singapore 089058
Phone: (65) 6255 0075, Fax: (65) 6255 1824
Email: mission.singapore@mofa.gov.bd



নং-১৯.০১.৬৫০১.৭০১.২৯.০০১.২৪ - ২০০

তারিখ: ১৯-০৭-২০২৪ খ্রি:।


সর্তকীকরণ নোটিশ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি সিঙ্গাপুরের বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত এদেশে অভিবাসী প্রত্যাশী বাংলাদেশী কর্মীদের প্রতি প্রতারণার/Scaming এর বিষয়ে বাংলাদেশ হাইকমিশন সিঙ্গাপুরের দৃষ্টি আকর্ষিত হয়েছে। জানা যায় যে, অনেক বাংলাদেশী কর্মী সিঙ্গাপুরের শ্রমবাজারে প্রবেশের পূর্বে বাংলাদেশে অনিবিদিত রিক্রুটিং এজেন্ট/দালাল কর্তৃক আকর্ষনীয় বেতন-ভাতার প্রলোভনে আকৃষ্ট হয়ে যথাযথ খোজঁখবর না নিয়ে আর্থিক লেনদেন করে প্রতারণার স্বীকার হয়। উল্লেখ্য, সিঙ্গাপুরের শ্রমবাজার ব্যবস্থাপনা অত্যন্ত সুনিয়ন্ত্রিত ও দক্ষ মনিটরিং ব্যবস্থার আওতাভুক্ত। এখানে নির্মাণ, মেরিন-শিপইয়ার্ড ও কনসারভেন্সি খাতে নিদিষ্ট ট্রেড-এ দক্ষতা ও অভিজ্ঞতার প্রেক্ষিতে বাংলাদেশী কর্মী এদেশের শ্রমবাজারে প্রবেশ করে। তাই অভিবাসী প্রত্যাশী বাংলাদেশী কর্মীগণকে যথাযথ পদ্ধতি অনুসরণ ব্যতিরেকে স্থানীয়/প্রবাসী কোন লাইসেন্সবিহীন ব্যক্তি/প্রতিষ্ঠানের কোন চটকদার বিজ্ঞাপন বা প্রলোভনে প্রলুব্ধ না হয়ে কেবলমাত্র প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত বৈধ লাইসেন্সধারী রিক্রুটিং এজেন্সির মাধ্যমে সিঙ্গাপুরের শ্রমবাজারে প্রবেশের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

- বাংলাদেশের হালনাগাদ নবায়নকৃত বৈধ লাইসেন্সধারী রিক্রুটিং এজেন্সিসমূহের তালিকা প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (<https://probashi.gov.bd>) অথবা জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস হতে যাচাই করবার জন্য অনুরোধ করা যাচ্ছে।
- সিঙ্গাপুর সরকার কর্তৃক ইস্যুকৃত ওয়ার্ক পারমিট (Work Permit) এর সঠিকতা যাচাই এর জন্য নিম্নোক্ত ওয়েবসাইট অনুসরণ করা যেতে পারে।

<https://service2.mom.gov.sg/workpass/enquiry/prelanding>

- এছাড়াও অভিবাসী প্রত্যাশী বাংলাদেশী কর্মীগণকে সিঙ্গাপুরের নিয়োগকারী প্রতিষ্ঠান, রিক্রুটিং এজেন্সিসমূহ ও অন্যান্য তথ্যাদি অনলাইনসহ বিভিন্ন মাধ্যমে যথাযথভাবে যাচাই করবার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।


২২.০৭.২০২৪

(এস এম আবদুল্লাহ আল মামুন)
কাউন্সেলর (শ্রম)

ই-মেইল: counselorsg@probashi.gov.bd